# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৪৫টি প্রতিষ্ঠানকে ২.৮৪ লক্ষ টাকা জরিমানা

**১৯ জানুয়ারি ২০১৭ খ্রিঃ**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা জেলা কার্যালয়, বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ১৬ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, সিলেট, সাতক্ষীরা, কিশোরগঞ্জ, ঠাকুরগাঁও, বাগেরহাট, কুড়িগ্রাম, নোয়াখালী, পিরোজপুর, মৌলভীবাজার, ভোলা, রংপুর, পটুয়াখালী, ব্রাহ্মণবাড়ীয়া ও ঝালকাঠিতে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগমের নেতৃত্বে ঢাকা মহানগরীর আদাবর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে রনি ব্রেড এন্ড বিস্কুট ফ্যাক্টরী ও মায়ের দোয়া বেকারীকে যথাক্রমে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা ও **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকাসহ মোট **৯০,০০০/- (নব্বই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।।

সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে সিলেট মহানগরের এয়ারপোর্ট থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৮৪,০০০/- (চুরাশি হাজার)** টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেট মহানগরের এয়ারপোর্ট থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে সাতক্ষীরা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের নিকশী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের সহকারী পরিচালক হাসান আল মারুফের নেতৃত্বে ঠাকুরগাঁও সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে বাগেরহাটের কচুয়া ও মোড়েলগঞ্জ উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রাম সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ রায়হান কুদ্দুসের নেতৃত্বে নোয়াখালীর সোনাইমুড়ি উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, পিরোজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে পিরোজপুরের জিয়ানগর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৩,৬০০/- (তিন হাজার ছয়শত)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজার সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ নাজমুল হাসানের নেতৃত্বে ভোলার লালমোহন উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুরের তারাগঞ্জ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে পটুয়াখালীর গলাচিপা উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলাম কর্তৃক অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে হোটেল রাজমনিকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,৭৫০/- (তিন হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠির রাজাপুর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **১,৯২,৬০০/- (এক লক্ষ বিরানব্বই হাজার ছয়শত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, ওজনে কারচুপি ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Royal Hotel & Restaurant (মাউরা হোটেল) কে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৬টি** বাজার তদারকির মাধ্যমে **৪৫টি** প্রতিষ্ঠানকে মোট **২,৮৪,৬০০/- (দুই লক্ষ চুরাশি হাজার ছয়শত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **২ জন** অভিযোগকারীকে মং **৪,২৫০/- (চার হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানেটারী ইন্সপেক্টর, নিরাপদ খাদ্য পরিদর্শক, বাজার পরিদর্শক, বাজার কর্মকর্তা এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, সিলেট, সাতক্ষীরা, কিশোরগঞ্জ, ঠাকুরগাঁও, বাগেরহাট, কুড়িগ্রাম, নোয়াখালী, পিরোজপুর, মৌলভীবাজার, ভোলা, রংপুর, পটুয়াখালী, ব্রাহ্মণবাড়ীয়া ও ঝালকাঠি।
৭। পুলিশ সুপার, ঢাকা, সিলেট, সাতক্ষীরা, কিশোরগঞ্জ, ঠাকুরগাঁও, বাগেরহাট, কুড়িগ্রাম, নোয়াখালী, পিরোজপুর, মৌলভীবাজার, ভোলা, রংপুর, পটুয়াখালী, ব্রাহ্মণবাড়ীয়া ও ঝালকাঠি।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।